সুরা পড়ে, সালামের পূর্বে দুই হাত তোলে দুআ'-মুনাজাত করে, অতপর রুকু-সিজদা করে, তাশাহুদের পর সালাম ফিরিয়ে উঠে যায় । তাদের এরূপ এক রাকাআ'তকে কিরূপে নামাজ বলা যায় । অথচ এক রাকাআ'ত বলতে কোন নামাজই নেই। এরূপ অবস্থাকে শুধু একটি রাকাআ'ত এবং একটি সিজদাই বলা হবে । এরূপ অবস্থাকে নামাজ বলা হবে না । কারন, আমাদের নবী মুহাম্মাদুর রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা সকল হাদিস শরীফেই একসাথে দুই রাকাআ'তকে নামাজ বলেছেন,এক রাকাআ'তকে নামাজ বলেন নি ।এই বিষয়ে নিম্নে কয়েকটি হাদিস শরীফ উল্লেখ করা হল ।

প্রথম হাদিস শরীফ

عَنِ الْمِطَّلِبِ، أَنَّ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَ سَلَّمَ قَالَ :"الصَّلاَةُ مَثْنَى مَثْنَى ، وَتَشَهَّدُ وَتُسَلِّمُ فِي كُلِّ رَكْعَتَيْنِ ،وَتَبَاءَسُ وَتَمَسْكَنُ وَتُقْنِعُ يَدَيْكَ، وتَقُوْلُ : اللَّهُمَّ اللَّهُمَّ ، فَمَنْ لَمْ يَفْعَلْ ذَلِكَ فَهِيَ خِدَاجٌ -" قَالَ شُعْبَةُ : فَقُلْتُ : صَلاَتُهُ خِدَاجٌ ؟ قَالَ : نَعَمْ ، فَقُلْتُ لَهُ : مَا الإِقْنَاعُ ؟ فَبَسَطَ يَدَيْهِ ، كَأَنَّهُ يَدْعُوْ " مسند أحمد (17801)

অর্থঃ-হযরত মুত্তালিব (রাদিআল্লাহ আনহু) থেকে বর্ণিত, নিশ্চয় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা বলেছেন: "সালাত বা নামাজ হচ্ছে দুই দুই রাকআ'ত, প্রতি দুই রাকআ'তেই তাশাহুদ পড়া ,দুরবস্থার ভান করা(নিজেকে দুর্দশাগ্রস্তবলে জাহির করা),মিসকিন সাজা, (সালামের পর) দুই হাত (উপরে) তোলা, আর বলবে : আল্লাহুম্মা আল্লাহুম্মা ! , অতএব, যে এটা করবেনা তা হলে (তার) নামাজ অসম্পূর্ণ" ।

শুবা (রাদিআল্লাহআনহু) বললেন : আমি বল্লাম : (صَلاَتُهُ خِدَاجٌ ؟) তার নামাজ কি অসম্পূর্ণ? তিনি (হযরত মুত্তালিব) বললেন: হাঁ, আমি তাকে (হযরত মুত্তালিবকে) বললাম: (مَا الإِقْنَاعُ ؟) ইকনা' কি? তিনি তাঁর হাত প্রসারিত করলেন, যেন তিনি দুআ' করছেন" । মুসনাদু আহমাদ, হাদিস শরীফ নং-১৭৮০১ ।

দ্বিতীয় হাদিস শরীফ

عن الْفَضْلِ بْنِ عَبّا س ، عَنْ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَ سَلَّمَ قَالَ : الصَّلاَةُ مَثْنَى مَثْنَى ، وَتَشَهَّدُ فِي كُلِّ رَكْعَتَيْنِ ، وَتَضَرَّعُ ، وَتَخَشَّعُ ،وتَسَا كَنُ ، ثُمَّ تُقْنِعُ يَدَيْكَ يَقُوْلُ : تَرْفَعُهُمَا إِلَى رَبِّكَ عَزَّ وَجَلَّ مُسْتَقْبِلاً بِبَطُوْنِهِمَا وَجْهَكَ ،وَتَقُوْلُ : يَا رَبِّ يَا رَبِّ ، ثَلاَثًا فَمَنْ لَمْ يَفْعَلْ ذضلِكَ فَهِيَ خِدَاجٌ -" مسند أحمد (17797)

অর্থঃ- হযরত ফজল বিন আব্বাস (রাদিআল্লাহুআনহু) থেকে বর্ণিত, রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা বলেছেন: "সালাত বা নামাজ হচ্ছে দুই দুই রাকআ'ত, প্রতি দুই রাকআ'তেই তাশাহুদ পড়া , মিনতি করা(অনুনয়-বিনয় করা), বিনীত হওয়া, (সালামের পর) দুই হাত (الإِقْنَاعُ) ইকনা' করবে, তিনি (রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা) (الإِقْنَاعُ) ইকনা'র ব্যাখ্যা করে তিনবার বলেন: তুমি তোমার মুখমন্ডলকে কেবলামুখী করে তোমার প্রভূর দিকে দুই হাতকে উভয় হাতের পেট দিয়ে (উপরে) তুলবে, আর বলবে : ইয়া রব ইয়া রব ! , অতএব, যে এটা করবেনা তা হলে (তার) নামাজ অসম্পূর্ণ" । মুসনাদু আহমাদ, হাদিস শরীফ নং-১৭৭৯৭ ।

উপরে বর্ণিত দুইটি হাদিস শরীফ থেকেই জানতে পারলাম যে, "সালাত বা নামাজ হচ্ছে দুই দুই রাকআ'ত, একরাকাআ'ত বলতে কোন নামাজ নেই ।

এখন বিতর নামাজ পড়ার পদ্ধতি বর্ণনা করব ।

(***)[খ] বিতর নামাজ পড়ার পদ্ধতিঃ

দুই রাকাআ'ত নামাজের তাশাহুদ পড়ার পর সালাম না ফিরিয়ে উঠে দাঁড়িয়ে আরো এক রাকাআ'ত মিলিয়ে রুকু-সিজদা করে তাশাহুদের পর সালাম ফিরিয়ে নামাজ শেষ করার নাম বা পদ্ধতিই হচ্ছে আমাদের নবী মুহাম্মাদুর রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামার হাদিস

শরীফের বাণী অনুসারে "বিতর নামাজ" ।
যেমন- "বিতর নামাজ" পড়ার পদ্ধতিটি বুঝার জন্য আমাদের নবী মুহাম্মাদুর রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামার কয়েকটি হাদিস শরীফ নিম্নে উল্লেখ করব ।

প্রথম হাদিস শরীফ

عَنْ عَلِيٍّ،قَالَ: قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ : إِنَّ اللهَ وِتْرٌ يُحِبُّ الْوِتْرَ فَأَوْتِرُوا يَا أَهْلَ الْقُرْانِ - مسند أحمد (1241)

অর্থঃ-হযরত আলী (রাদিআল্লাহআনহু) থেকে বর্ণিত, রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা বলেছেন: "নিশ্চয়ই আল্লাহু (তাআ'লা) বিজোড়, তিনি বিজোড়কে ভালবাসেন, অতএব তোমরা বিতর(বিজোড়)কর হে কুরআনের অনুসারীরা । মুসনাদু আহমাদ, হাদিস শরীফ নং-১২৪১ ।

দ্বিতীয় হাদিস শরীফ

عَنْ ابْنِ عُمَرَ ، عَنِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ قَالَ : الْوِتْرُ أَخِرُ رَكْعَةٍ مِنَ اللَّيْلِ - مسند أحمد (5111)

অর্থঃ-হযরত ওমর (রাদিআল্লাহআনহু) থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা বলেছেন: "বিতর হচ্ছে রাত্রের শেষ এক রাকাআ'ত । মুসনাদু আহমাদ, হাদিস শরীফ নং-৫১১১ ।

তৃতীয় হাদিস শরীফ

عَنْ عُمَرَ ، عَنِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ قَالَ : صَلاَةَ اللَّيْلِ مَثْنَى مَثْنَى وَالْوِتْرُ رَكْعَةٌ مِنْ أَخِرِ اللَّيْلِ - مسند أحمد (4972)

অর্থঃ-হযরত ওমর (রাদিআল্লাহআনহু) থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা বলেছেন: "রাত্রের সালাত বা নামাজ হচ্ছে দুই দুই রাকআ'ত, আর বিতর হচ্ছে শেষ রাত্রের এক রাকাআ'ত । মুসনাদু আহমাদ, হাদিস শরীফ নং-৪৯৭২ ।

চতুর্থ হাদিস শরীফ

عنِ بْنِ عَبّا سٍ ، قَالَ : سَمِعْتُ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ يَقُوْلُ ثَلاَثٌ هُنَّ عَلَيَّ فَرَائِضُ وَهُنَّ لَكُمْ تَطَوُّعٌ الْوِتْرُ و النَّحْرُ وَصَلاَةُ الضُّحَى - مسند أحمد (2078)

অর্থঃ-হযরত জাবের (রাদিআল্লাহুআনহু) থেকে বর্ণিত, তিনি বলেন: আমি রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামাকে বলতে শুনেছি, তিনটি বিষয় আমার উপর ফরজ আর ওগুলো তোমাদের জন্য ঐচ্ছিক বা বাড়তি কাজ, তা হচ্ছে বিতর, নহর বা কুরবানী ও দোহার নামাজ । মুসনাদু আহমাদ, হাদিস শরীফ নং-২০৭৮ ।

পঞ্চম হাদিস শরীফ

عن جَابِرٍ ،قَالَ : سَمِعْتُ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ يَقُوْلُ :مَنْ خَافَ مِنْكُمْ أَنْ لاَّ يَقُوْمَ بِاللَّيْلِ فَلْيُوْتِرْ ثُمَّ يَنَامِ ،وَمَنْ طَمِعَ مِنْكُمْ بِقِيَامٍ فَلْيُوْتِرْ مِنْ أَخِرِ اللَّيْلِ ،فَإِنَّ قِرَاءَةَ أَخِرِ اللَّيْلِ مَحْضُوْرَةٌ ،وَذَلِكَ أَفْضَلُ - مسند أحمد (13848)

অর্থঃ-হযরত জাবের (রাদিআল্লাহুআনহু) থেকে বর্ণিত, তিনি বলেন: আমি রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামাকে বলতে শুনেছি, তোমাদের যে কেহই এই ভয় করে যে, রাত্রে উঠতে পারবে না সে বিতর করে নিক, তারপর ঘুমাবে, আর যে রাত্রে উঠতে পারবে আশা করে সে শেষ রাত্রে বিতর করে নিবে, কারন, নিশ্চয়ই রাত্রের কিরাআত পড়ার সময়ে (কুরআন তেলাওয়াত করার সময়ে) কলব উপস্থিত থাকে। ওটাই উত্তম ।মুসনাদু আহমাদ, হাদিস শরীফ নং-১৩৮৪৮

ছষ্ঠ হাদিস শরীফ

عَنْ عُمَرَ ، عَنِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ قَالَ : صَلاَةَ اللَّيْلِ مَثْنَى مَثْنَى ، فَإِذَا خِفْتَ الصُّبْحَ فَأَوْتِرْ بِوَاحِدَةٍ - مسند أحمد (4942)

অর্থঃ-হযরত ওমর (রাদিআল্লাহআনহু) থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা বলেছেন: "রাত্রের সালাত বা নামাজ হচ্ছে দুই দুই রাকআ'ত, যখন তুমি সুবহের ভয় করবে (ফজর নামাজের সময় হয়ে যাবে ভয় করবে তখন এক রাকাআ'ত বিতর করে নিবে । মুসনাদু আহমাদ, হাদিস শরীফ নং-৪৯৪২ ।

সপ্তম হাদিস শরীফ

عَنْ عُمَرَ ، عَنِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ قَالَ : صَلاَةَ اللَّيْلِ وَ النَّهَا رِ مَثْنَى مَثْنَى سنن التِّرمِذِي (597)

অর্থঃ-হযরত ওমর (রাদিআল্লাহআনহু) থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা বলেছেন: "রাত্র ও দিনের সালাত বা নামাজ হচ্ছে দুই দুই রাকআ'ত, সুনানুতিরমিজি, হাদিস শরীফ নং-৫৯৭ ।

[গ] উপরোল্লিখিত প্রথম হাদিস শরীফ থেকে সপ্তম হাদিস শরীফ পর্যন্ত সকল হাদিস শরীফগুলোতেই দিন-রাত্রের নামাজসমূহের রাকাআ'ত সংখ্যা জোড় (أَلشَّفْعُ) হিসেবে একসাথে দুই দুই রাকাআ'ত উল্লেখ করা হয়েছে । জোড় (أَلشَّفْعُ) সংখ্যা হিসেবে একসাথে দুই রাকাআ'তকে নামাজ বলা হয়েছে । কোন হাদিস শরীফেই পৃথকভাবে এক রাকাআ'কে নামাজ বলা হয় নি । এমনকি পাঁচ ওয়াক্ত ফরজ নামাজসমূহের রাকাআ'তও দুই দুই রাকাআ'ত করেই অবতীর্ন হয়েছে। পরবর্তীতে ফরজ ও নফল নামাজসমূহের কোনটিতে দুই রাকাআ'ত, কোনটিতে এক রাকাআ'ত বৃদ্ধি করা হয়েছে । আবার কোনটিতে কোন রাকাআ'তই বৃদ্ধি করা হয়নি । যেমন হাদিস শরীফে আছে –

অষ্টম হাদিস শরীফ

عَنْ عَائِشَةَ قَالَتْ : فُرِضَتِ الصَّلاَةُ عَلَى النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ بِمَكَّةَ رَكْعَتَيْنِ رَكْعَتَيْنِ فَلَمَّا خَرَجَ إِلَى الْمَدِيْنَةِ فُرِضَتْ أَرْبَعًا، وَأُقِرَّتْ صَلاَةُ الشَّفَرِ رَكْعَتَيْنِ ـ أَلسُّنَنُ الْكُبْرَى لِلْبَيْهَقِي(1696)

অর্থঃহযরত আয়িশা (রাদিআল্লাহু আনহা) থেকে বর্ণিত, তিনি বলেন : মক্কাতে নবীসাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামার উপর দুই রাকাআ'ত দুই রাকাআ'ত করে নামাজ ফরজ হরা হয়েছে । যখন তিনি মদীনায় গেলেন তখন চার ফরজ করা হয়েছে ।আর সফরের নামাজ দুই রাকাআ'তই স্থির রয়ে গেছে ।আস-সুনানুল কুবরা, বায়হাকী শরীফ, হাদিস শরীফ নং-১৬৯৬ ।

যেমন- জোহর, আসর ও ইশার নামাজসমূহে দুই দুই রাকাআ'ত বৃদ্ধি করে চার চার রাকাআ'ত করা হয়েছে, মাগরিব নামাজে এক রাকাআ'ত বৃদ্ধি করে তিন রাকাআ'ত করা হয়েছে, এবং ফজর নামাজে কোন রাকাআ'তই বৃদ্ধি করা হয়নি । মাগরিব নামাজে এক রাকাআ'ত বৃদ্ধি করায় বিজোড়(أَلْوِتْرُ) সংখ্যা হিসেবে মাগরিব নামাজকে দিনের বিতর বলা হয়েছে ।পাশাপাশি মাগরিব নামাজের ন্যায় বিজোড় (أَلْوِتْرُ) সংখ্যা হিসেবে রাত্রের কোন একটি নামাজকে বিতর করতে বলা হয়েছে । নিম্নে বর্ণিত নবম হাদিস শরীফ ও দশম হাদিস শরীফদ্বয়ে এই বিষয়টির বর্ণনা আছে ।

নবম হাদিস শরীফ

عَنْ عَائِشَةَ قَالَتْ :إِنَّ أَوَّلَ مَا فُرِضَتِ الصَّلاَةُ رَكْعَتَيْنِ ، فَلَمَّا قَدِمَ نَبِيُّ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ الْمَدِيْنَةَ و إِطْمَأَنَّ زَادَ رَكْعَتَيْنِ غَيْرَ الْمَغْرِبِ لِأَنَّهَا وِتْرٌ ـ أَلسُّنَنُ الْكُبْرَى لِلْبَيْهَقِي(1698)

অর্থঃ হযরত আয়িশা (রাদিআল্লাহু আনহা) থেকে বর্ণিত, তিনি বলে: প্রথমে দুই রাকাআ'ত নামাজ ফরজ করা হয়েছে । যখন আল্লাহর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা মদিনা আসলেন এবং প্রশান্তি লাভ করলেন মাগরিব নামাজ ব্যতীত (অন্যান্য নামাজে) দুই রাকাআ'ত করে বৃদ্ধি করা হয়েছে । কারণ, মাগরিব নামাজ হচ্ছে বিতর । সুনানু কুবরা, বায়হাকী শরীফ, হাদিস শরীফ নং-১৬৯৮ । মাগরিব নামাজ যে বিতর তা নিম্নে বর্ণিত দশম হাদিস শরীফ , একাদশ হাদিস শরীফ ,দ্বাদশ হাদিস শরীফ এবং এয়োদশ হাদিস শরীফে আরো স্পষ্ট করে বর্ণনা করা হয়েছে ।

দশম হাদিস শরীফ

عَنْ عَائِشَةَ قَالَتْ : فُرِضَتِ الصَّلاَةُ رَكْعَتَيْنِ رَكْعَتَيْنِ بِمَكَّةَ فَلَمَّا قَدِمَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ الْمَدِيْنَةَ زَادَ مَعَ كُلِّ رَكْعَتَيْنِ رَكْعَتَيْنِ إِلاَّ الْمَغْرِبِ فَإِنَّهَا وِتْرُ النَّهَا رِ وَ صَلاَةَ الْفَجْرِ لِطُوْلِ قِرَأَتِهَا ـ مسند أحمد (26672)

অর্থঃ হযরত আয়িশা (রাদিআল্লাহু আনহা) থেকে বর্ণিত, তিনি বলেন: মক্কাতে দুই দুই রাকাআ'ত নামাজ ফরজ করা হয়েছে । যখন রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা মদিনায় আসলেন মাগরিব নামাজ ব্যতীত (অন্যান্য নামাজে) প্রত্যেক দুই রাকাআ'তের সাথে দুই রাকাআ'ত করে বৃদ্ধি করেছেন, কারণ, মাগরিব নামাজ হচ্ছে বিতর এবং ফজর নামাজের দীর্ঘ কিরাআতের কারণে ফজর নামাজে দুই রাকাআ'ত বৃদ্ধি করেন নি । মুসনাদু আহমাদ, হাদিস শরীফ নং-২৬৬৭২ ।

একাদশ হাদিস শরীফ

عَنْ عَائِشَةَ قَالَتْ : فُرِضَتِ الصَّلاَةُ رَكْعَتَيْنِ رَكْعَتَيْنِ إِلاَّ الْمَغْرِبِ فُرِضَتْ ثَلاَثًا لِأَنَّهَا وِتْرُ قَالَتْ كَانَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ إِذَ سَافَرَ صَلَّى الصَّلاَةَ الْأُوْلَى إِلاَّ الْمَغْرِبِ فَإِذَ أَقَامَ زَادَ مَعَ كُلِّ رَكْعَتَيْنِ رَكْعَتَيْنِ إِلاَّ الْمَغْرِبِ لِأَنَّهَا وِتْرُ والصُّبْحَ لِأَنَّهَا يُطَوِّلُ فِيْهَا ا ـ مسند أحمد (26923)

অর্থঃ হযরত আয়িশা (রাদিআল্লাহু আনহা) থেকে বর্ণিত, তিনি বলেন: মাগরিব নামাজ ব্যতীত দুই দুই রাকাআ'ত নামাজ ফরজ করা হয়েছে, এটা মাগরিব নামাজ) তিন রাকাআ'ত ফরজ করা হয়েছে, কেন না, এটা হচ্ছে বিতর। তিনি বলেন: যখন রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামামদিনায় সফরে যেতেন তখন তিনি মাগরিব ব্যাতীত (সব নামাজই) প্রথম অবস্থার নামাজ পড়তেন(দুই দুই রাকাআ'ত নামাজ পড়তেন) ।আবার যখন মুকীম হতেন মাগরিব নামাজ ব্যতীত (অন্যান্য নামাজে) প্রত্যেক দুই রাকাআ'তের সাথে দুই রাকাআ'ত করে বৃদ্ধি করতেন ।,কারণ, মাগরিব নামাজ হচ্ছে বিতর এবং প্রভাতের নামাজে কিরাআতে দীর্ঘ করতেন । মুসনাদু আহমাদ, হাদিস শরীফ নং-২৬৯২৩।

দ্বাদশ হাদিস শরীফ

عَنْ عُمَرَ، عَنِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ قَالَ: صَلاَةُ الْمَغْرِبِ وِتْرُ النَّهَا رِ فَأَوْتِرُوا صَلاَةَ اللَّيْلِ ،مسند أحمد (4941)

অর্থঃ-হযরত ওমর (রাদিআল্লাহআনহু) থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা বলেছেন: মাগরিব নামাজ হচ্ছে দিনের বিতর, অতএব, তোমরা রাত্রের নামাজের বিতর কর । মুসনাদু আহমাদ, হাদিস শরীফ নং-৪৬৪১ । একই বিষয় সামান্য শব্দের পার্থক্যে রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা বলেছেন:

এয়োদশ হাদিস শরীফ

عَنْ عَائِشَةَ ، قَالَتْ : قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ :" أَلْوِتْرُ ثَلاَثٌ كَثَلاَثِ الْمَغْرِبِ "ـ المعجم الأوسط لِطبراني (7170)

অর্থঃ- হযরত আয়িশা (রাদিআল্লাহআনহা) থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা বলেছেন: মাগরিবের তিন রাকাআ'তের ন্যায় বিতর তিন রাকাআ'ত । আল-মু'জামুল আওসাত, তাবারানী, হাদিস শরীফ নং-৭১৭০ ।

[ঘ] উপরে বর্ণিত নবম হাদিস শরীফ , দশম হাদিস শরীফ, একাদশ হাদিস ও দ্বাদশ হাদিস শরীফে কিভাবে একটি নামাজকে বিতর (বিজোড়) করতে হয় তা মাগরিব নামাজকে দিনের বিতর এবং মাগরিবের তিন রাকাআ'তের ন্যায় বিতর তিন রাকাআ'ত বলে উল্লেখ করে আমাদের নবী মুহাম্মাদুর রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা তাঁর প্রিয় উম্মতকে মাগরিব নামাজের ন্যায় বিজোড় (أَلْوِتْرُ) সংখ্যা হিসেবে রাত্রের নামাজের বিতর করার পদ্ধতি শিখাইয়াছেন । মাগরিব নামাজকে বিতর করতে যেমন পৃথকভাবে এক রাকাআ'ত না পড়ে বরং একসাথে এক রাকাআ'ত মিলিয়ে বিতর করা হয়, ঠিক তেমনিভাবে রাত্রের কোন দুই রাকাআ'ত নামাজের সাথে এক রাকাআ'ত মিলিয়ে বিতর করতে হবে । এইভাবে মাগরিব নামাজের ন্যায় রাত্রে কোন এক সময়ে দুই রাকাআ'ত নামাজের পর তাশাহুদ পড়ে সালামের পূর্বে বসা থেকে উঠে দাঁড়িয়ে মিলিয়ে এক রাকাআ'ত বিতর করতে হবে বরং পৃথকভাবে নহে । এটাই বিতর নামাজ পড়ার পদ্ধতি । " خَيْرُ الْقُرُوْنِ الثَّلاَثَة "তথা "সর্বোৎকৃষ্ট তিনশতাব্দীর" সাহাবীগণের (রাদিআল্লাহ আনহুম), তাবেঈন ওতাবে'- তাবেঈনগণের তালিকায় অন্তর্ভূক্ত উৎকৃষ্ট মুসলিম উলামাকেরামগণ উপরোল্লিখিত প্রথম হাদিস শরীফ থেকে দশম হাদিস শরীফ পর্যন্ত সকল হাদিস শরীফগুলোতে বর্ণিত নিয়ম মেনে গিয়েছেন ।কিন্তু "أَرْذَلُ الْقُرُوْنِ " (আরযালুল কুরুনি) তথা সর্বনিকৃষ্ট শতাব্দীর (হিজরী চতুর্থ শতাব্দীর) আবির্ভাবিত "আহলুল হাদিস" (أَهْلُ الحَدِيْثِ) প্রচলিত পরিভাষায় "আহলে হাদিস" দলটির অনুসারীরা উপরোল্লিখিত হাদিস শরীফগুলোর বিপরীতে মনগড়া নতুন পদ্ধতি উদ্বাবন করেছেন । আরো একটি আশ্চর্য ব্যাপার এই যে, "আহলুল হাদিস" (أَهْلُ الحَدِيْثِ) প্রচলিত পরিভাষায় "আহলে হাদিস" দলটির অনুসারীরা নিম্নে বর্ণিত একাদশ হাদিস শরীফের বিপরীত এক রাকাআ'ত বিতরের ভিতরই তাশাহুদ ও সালামের পুর্বেই দাঁড়িয়ে দুই হাত উপরে তোলে দুআ' করে । অথচ এটা কোন হাদিস শরীফেই নেই । কারন, এই এক রাতাআ'তকে নামাজ হিসেবে পড়ার পদ্ধতি তো কোন হাদিস শরীফে নেই । এইরুপ একটি রুকু-সিজদাকে শুধু এক রাকাআ'ত ও এক সিজদাই বলা হবে । নামাজ বলা হবে না ।

উপরে বর্ণিত নবম হাদিস শরীফ ও দশম হাদিস শরীফদ্বয়ের মাধ্যমে বিতর নামাজ পড়ার পদ্ধতি বর্ণনা করা হয়েছে । উপরে বর্ণিত নবম হাদিস শরীফ ও দশম হাদিস শরীফদ্বয়ের মাধ্যমে বিতর নামাজ পড়ার পদ্ধতিটির ব্যাখ্যা আরো একটু পরিস্কার করার জন্য নিম্নে কয়েকখানা হাদিস শরীফ উল্লেখ করা হল ।

চতুর্দশ হাদিস
শরীফ

عَنْ ابْنِ عُمَرَ ، قَالَ: جَاءَ رَجُلٌ إِلَى النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ فَسَأَلَهُ عَنْ صَلاَةَ اللَّيْلِ فَقَالَ: صَلاَةَ اللَّيْلِ مَثْنَى مَثْنَى تُسَلِّمُ فِيْ كُلِّ رَكْعَتَيْنِ ،فَإِذَا خِفْتَ الصُّبْحَ فَصَلِّ رَكْعَةً تُوْتِرُ لَكَ مَا قَبْلَهَا - (5198)

অর্থঃ-হযরত ওমর (রাদিআল্লাহআনহু) থেকে বর্ণিত, তিনি বলেন, একজন লোক নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামার নিকট এসে তাঁকে রাত্রের নামাজ সম্পর্কে জিজ্ঞাসা করল, তিনি (রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা) বললেন, "রাত্রের সালাত বা নামাজ হচ্ছে দুই দুই রাকআ'ত,

প্রত্যেক দুই রাকাআ'তেই সালাম ফিরাবে , তোমাদের যে কেহ (প্রত্যেকেই) দুই দুই রাকাআ'ত করে নামাজ পড়বে, যখন তুমি সুবহের ভয় করবে (ফজর নামাজের সময় হয়ে যাবে ভয় করবে) তখন তুমি এক রাকাআ'ত পড়বে যা তোমার পূর্বের নামাজকে বিতর করবে। মুসনাদু আহমাদ, হাদিস শরীফ নং-৫১৯৮ ।
উপরে বর্ণিত নবম হাদিস শরীফ ও দশম হাদিস শরীফখানাদ্বয়ের মাধ্যমে এক রাকাআ'ত বিতর পূর্বের দুই রাকাআত নামাজের সাথেই মিলাইয়া পড়তে হবে স্পষ্ট হয়ে গেল ।

পঞ্চদশ হাদিস শরীফ

عَنْ عَائِشَةَ ، أَنَّ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ كَانَ لاَ يُسَلِّمُ فِى رَكْعَتَيْ أَلْوِتْرِ -- المعجم الأوسط لِطبراني (6661)
অর্থঃ- হযরত আয়িশা (রাদিআল্লাহআনহা) থেকে বর্ণিত, নিশ্চয় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা "বিতরের দুই রাকাআ'তে সালাম ফিরাতেন না" । আল-মু'জামুল আওসাত, তাবারানী, হাদিস শরীফ নং-৬৬৬১ ।
এয়োদশ হাদিস শরীফখানাতে একথা বলা হয়েছে যে, বিতরের দুই রাকাআ'তে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা সালাম ফিরাতেন না । এতে প্রমাণ হয় যে, তিন রাকাআ'তের সমষ্টিই হচ্ছে বিতর নামাজ । দুই রাকাআ'ত নামাজ পড়ে তাশাহুদ পড়ে সালাম না ফিরিয়ে উঠে আরো এক রাকাআ'ত মিলিয়ে মোট তিন রাকাআ'ত পড়ে বসে তাশাহুদ, দরূদ ও দোয়া পড়ে সালাম ফিরিয়ে বিতর নামাজ সমাপ্ত করতে হবে । এটাই হচ্ছে বিতর নামাজ পড়ার পদ্ধতি ।

ষষ্ঠদশ হাদিস শরীফ

عَنْ مُحَمَّدِ بْنُ أَبِيْ يَحْيَ قَالَ: رَأَيْتُ عَبدَ اللهِ بْنَ الزُّبَيْرِ ، وَرَأَى رَجُلاً رَافِعًا يَدَيْهِ يَدْعُو قَبْلَ أَنْ يَفْرُغَ مِنْ صَلاَتِهِ ،فَلَمَّا فَرَغَ مِنْ صَلاَتِهِ مِنْهَا ،
قَالَ: "إِنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ لَمْ يَكُنْ يَرْفَعْ يَدَيْهِ ، حَتَّى يَفْرَغَ مِنْ صَلاَتِهِ " المعجم الكبير (90) - -
অর্থঃ-মুহাম্মদ বিন ইয়াহইয়া থেকে বর্ণিত, তিনি বলেন: আমি আব্দুল্লাহ বিন জুবাইরকে দেখেছি এবং তিনিও একজন লোককে নামাজ সমাপ্ত করার পূর্বে দুই হাত উপরে তোলে দুআ' করতে দেখেছেন, যখন সে নামাজ শেষ করল, তখন তিনি বললেন: " নিশ্চয়ই রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা নামাজ শেষ করা পর্যন্ত উপরে দুই হাত তুলতেন না । মু'জামুল কাবির, তাবারানী শরীফ, হাদিস শরীফ নং-৯০ ।
উপরে বর্ণিত চতুর্দশ হাদিস শরীফের মাধ্যমে এই কথাও প্রমাণিত হল যে, যে কোন নামাজ শেষ করার পূর্বে দুই হাত উপরে তোলে দুআ' করা যাবে না ।

(***) বিতর নামাজ আদায়ের পদ্ধতিঃ

আমাদের নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা তাঁর প্রিয় উম্মতকে মাগরিবের ফরজ নামাজকে দিনের বিতর ঘোষণা করে বিতর নামাজ পড়ার পদ্ধতিকে "মডেল" হিসেবে উপস্থাপন করে মাগরিব নামাজের ন্যায়ই দুই রাকাআ'তের সাথে এক রাকাআ'ত মিলিয়ে বিতর নামাজ পড়ার পদ্ধতি শিখাইয়াছেন । আমি এখানে আরো ছয়খানা হাদিস শরীফ উপস্থাপন করে রাত্রের নফল নামাজকে মাগরিব নামাজের ন্যায়ই দুই রাকাআ'তের সাথে এক রাকাআ'ত মিলিয়ে বিতর নামাজ পড়তে হবে মর্মে দুই রাকাআ'তের সাথে এক রাকাআ'ত মিলিয়ে তিন রাকাআ'ত , চার রাকাআ'তের সাথে এক রাকাআ'ত মিলিয়ে পাঁচ রাকাআ'ত, ছয় রাকাআ'তের সাথে এক রাকাআ'ত মিলিয়ে সাত

রাকাআ'ত, আট রাকাআ'তের সাথে এক রাকাআ'ত মিলিয়ে নয় রাকাআ'ত অথবা আট রাকাআতের সাথে তিন রাকাআ'ত মিলিয়ে এগার রাকাআ'ত, এইভাবেই রাকাআ'তের সংখ্যা বাড়িয়ে জোড় সংখ্যাযুক্ত নামাজের সাথে এক রাকাআ'ত করে মিলিয়ে মিলিয়ে বিজোড় করে তের সংখ্যা পরিমাণ বিতর করাই হচ্ছে "বিতর নামাজ পড়ার পদ্ধতি" ।কারণ, আমাদের নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা সাধারণত: তের রাকাআ'তের বেশী বিতর নামাজ পড়তেন না এবং সাত রাকাআ'তের কম বিতর নামাজ পড়তেন না । উহাই হচ্ছে " السُّنَّةِ " (আস-সুন্নাহ) তথা নিয়ম । এই " السُّنَّةِ " (আস-সুন্নাহ) তথা নিয়ম মানাই আমাদের নবী মুহাম্মাদুর রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামার উম্মতের উপর ফরজ । এটা এ জন্য যে, যেই " السُّنَّةِ " (আস-সুন্নাহ) তথা নিয়মের উপর আমাদের নবী মুহাম্মাদুর রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা এবং তাঁর সাহাবীগণ(রাদিআল্লাহু আনহুম) জীবনের শেষ পর্যন্ত স্থায়ী ছিলেন উহাই হচ্ছে سُنَّةٌ قَائِمَةٌ (সুন্নাতুল কায়িমাতু) তথা প্রতিষ্ঠিত নিয়ম । " السُّنَّةِ " (আস-সুন্নাহ) তথা নিয়ম এবং سُنَّةٌ قَائِمَةٌ (সুন্নাতুল কায়িমাতু) তথা প্রতিষ্ঠিত নিয়ম সম্পর্কে বিস্তারিত জানতে مَعْرِفَةُ أَهْلِ وَالْجَمَاعَةِ السُّنَّةِ (আহলুচ্ছুন্নাত ওআল জামাআত) এর পরিচয় পর্বপৃষ্ঠা নং-১৩২ দ্রষ্টব্য ।

নিম্নে ০৭টি (সাতটি) হাদিস শরীফ উপস্থাপন করে উদাহরণ দিচ্ছি ইনশাআল্লাহু তাআ'লা ।

প্রথম হাদিস শরীফঃ

عَنْ أُمِّ سَلَمَةَ قَالَتْ كَانَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ يُوْتِرُ بِخَمْسٍ وَ بِسَبْعٍ لاَ يَفْصِلُ بِسِلاَمٍ وَ لاَ بِكَلاَمٍ (1714)

অর্থঃ হযরত উম্মে সালমা (রাদিআল্লাহ আনহা) থেকে বর্ণিত, তিনি বলে: রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা পাঁচ এবং সাত রাকাআ'ত বিতর করতেন, এর মাঝে সালাম দিয়ে এবং কথা-বার্তা দিয়ে পৃথক করতেন না । সুনানু নাসাই, হাদিস শরীফ নং-১৭১৪ ।

দ্বিতীয় হাদিস শরীফঃ

عَنْ أُمِّ سَلَمَةَ قَالَتْ كَانَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ يُوْتِرُ بِسَبْعٍ وَ بِخَمْسٍ لاَ يَفْصِلُ بَيْنَهُنَّ بِسَلِيْمٍ (1715)

অর্থঃ হযরত উম্মে সালমা (রাদিআল্লাহ আনহা) থেকে বর্ণিত, তিনি বলেন : রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা সাত অথবা পাঁচ রাকাআ'ত বিতর করতেন, এর মাঝে সালাম দিয়ে পৃথক করতেন না । সুনানু নাসাই, হাদিস শরীফ নং-১৭১৫ ।

তৃতীয় হাদিস শরীফঃ

عَنْ إِبْنِ عَبَّاسٍ ، قَالَ :بِتُّ عِنْدَ خَالَتِي مَيْمُوْنَةَ زَوْجُ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ فَصَلَّى رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ الْعِشَاءَ ، ثُمَّ جَاءَ فَصَلَّى أَرْبَعًا ،ثُمَّ نَامَ ، ثُمَّ قَامَ فَصَلَّى أَرْبَعًا فَقَالَ نَامَ الْغُلَيْمُ ، أَوْ كَلِمَةً نَحْوَهَا قَالَ فَجِئْتُ فَقُمْتُ عَنْ يَسَارِهِ فَجَعَلَنِيْ عَنْ يَمِيْنِهِ ثُمَّ صَلَّى خَمْسَ رَكْعَاتٍ ، ثُمَّ رَكْعَتَيْنِ ، ثُمَّ نَامَ حَتَّى سَمِعْتُ غَطِيْطَهُ أَوْ خَطِيْطَهُ ثُمَّ خَرَجَ إِلَى الصَّلاَةِ - مُسْنَدُ أَحْمَدَ (3231)

অর্থঃ- হযরত ইবনু আব্বাস (রাদিআল্লাহু আনহু) থেকে বর্ণিত, তিনি বলেন : আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামার স্ত্রী আমার খালা মায়মুনার নিকট রাত্রি যাপন করলাম , রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা ইশার নামাজ পড়লেন, তারপর এসে চার রাকাআ'ত নামাজ পড়ে বললেন ছোট বালকটি ঘুমে গেল অথবা এরূপ কোন বাক্য বললেন, তিনি (ইবনু আব্বাস)বললেন, আমি এসে তাঁর বাম দিকে দাঁড়ালে তিনি আমাকে তাঁর ডান দিকে স্থাপন কলেন । অতপর পাঁচ রাকাআ'ত নামাজ পড়লেন, তারপর দুই রাকাআ'ত নামাজ পড়লেন, তারপর তিনি ঘুমিয়ে পরলে আমি তাঁর নাকের ডাক শুনলাম, তারপর তিনি নামাজের দিকে বের হলেন ।মুসনাদু আহমাদ শরীফ, হাদিস শরীফ নং-৩২৩১ ।

চতুর্থ হাদিস শরীফঃ

عَنْ إِبْنِ عَبَّاسٍ ، قَالَ : أَتَيْتُ خَالَتِي مَيْمُوْنَةَ فَبِتُّ عِنْدَهَا فَوَجَدْتُ لَيْلَتَهَا تِلْكَ مِنْ رَسُوْلِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ فَصَلَّى رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ الْعِشَاءَ ، ثُمَّ دَخَلَ بَيْتَهُ فَوَضَعَ رَأْسَهُ عَلَى وِسَادَةٍ مِنْ أَدَمٍ حَشْوُهَا لِيْفٌ فَجِئْتُ فَوَضَعْتُ رَأْسِي عَلَى نَاحِيَةٍ مِّنْهَا فَاسْتَيْقَظَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ فَنَظَرَ ،فَإِذَا عَلَيْهِ لَيْلٌ فَعَادَ فَسَبَّحَ وَكَبَّرَ حَتَّى نَامَ ، ثُمَّ إِسْتَيْقَظَ وَقَدْ ذَهَبَ شَطْرُ اللَّيْلِ ، أَوْ قَالَ ثُلُثَاءَ فَقَامَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ فَقَضَى حَاجَتَهُ ، ثُمَّ جَاءَ إِلى قِرْبَةٍ عَلَى شَجْبٍ فِيْهَا مَاءٌ فَمَضْمَضَ ثَلاَثًا وَ إِسْتَنْشَقَ ثَلاَثًا وَغَسَلَ وَجْهَهُ ثَلاَثًا وَذِرَاعَيْهِ ثَلاَثًا ثَلاَثًا وَمَسَحَ بِرَأْسِهِ وَ أُذُنَيْهِ مَرَّةً ، ثُمَّ غَسَلَ قَدَمَيْهِ قَالَ يَزِيْدُ حَسِبْتُهُ قَالَ ثَلاَثًا ثَلاَثًا ، ثُمَّ أَتَى مُصَلاَّهُ فَقُمْتُ وَصَنَعْتُ كَمَا صَنَعَ، ثُمَّ جِئْتُ فَقُمْتُ عَنْ يَسَارِهِ وَأَنَا أُرِيْدُ أُصَلِّي بِصَلاَتِهِ فَأَمْهَلَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ حَتَّى إِذَا عَرَفَ أَنِّي أُرِيْدُ أَنْ أُصَلِّي بِصَلاَتِهِ لَفَتَ يَمِيْنَه فَأَخَذَ بِأُذُنِيْ فَأَدَارَنِيْ حَتَّى أَقَامَنِيْ عَنْ يَمِيْنِهِ فَصَلَّى رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ مَا رَاى أَنَّ عَلَيْهِ لَيْلًا رَكْعَتَيْنِ فَلَمَّا ظَنَّ أَنَّ الْفَجْرَ قَدْ دَنَا فَصَلَّى سِتَّ رَكْعَاتٍ أَوْتَرَ بِالسَّابِعَةِ حَتَّى إِذَا أَضَاءَ الْفَجْرُ قَامَ فَصَلَّى رَكْعَتَيْنِ ، ثُمَّ وَضَعَ جَنْبَهُ فَنَامَ حَتَّى سَمِعْتُ فَخِيْخَهُ ، ثُمَّ جَاءَ بِلاَلٌ فَأَذَنَهُ بِالصَّلاَةِ فَخَرَجَ فَصَلَّى وَمَامَسَّ مَاءً فَقُلْتُ لِسَعِيْدِ بْنِ جُبَيْرٍ مَا أَحْسَنَ هَذَا فَقَالَ سَعِيْدُ بْنِ جُبَيْرٍ أَمَا وَاللهِ لَقَدْ قُلْتُ ذَاكَ لِإِبْنِ عَبَّاسٍ فَقَالَ مَهْ إِنَّهَا لَيْسَتْ لَكَ ،وَلاَ لِأَصْحَابِكَ إِنَّهَا لِرَسُوْلِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ إِنَّهُ كَانَ يُحْفَظُ - مُسْنَدُ أَحْمَدَ (3559)

অর্থঃ হযরত ইবনু আব্বাস (রাদিআল্লাহু আনহু) থেকে বর্ণিত, তিনি বলেন : আমি আমার খালার নিকট এসে থাঁর নিকট রাত্রি যাপন করলাম, আমি তাঁর রাত্রিটি রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা থেকে পাইলাম, তারপর, রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা ইশা পড়লেন, অতপর তিনি বাড়ীতে প্রবেশ করে আঁশপূর্ণ চামড়ার বালিশের উপর মাথা রাখলেন, আমি উক্ত বালিশের পার্শ্বে আমার মাথা রাখলে রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা জাগ্রত হয়ে তাকাতেই তাঁর সামনেই রাত্র দেখতে পেয়ে পুনরায় তাসবিহ, তাকবির পড়লেন, এমনকি তিনি ঘুমিয়ে গেলেন । তারপর, তিনি জাগ্রত হলে রাত্রের কিছু অংশ চলে গেল অথবা তিনি বললেন, তৃতীয়াংশ (চলে গেল) । অতপর রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা উঠে প্রয়োজন সেরে পানির মশকের নিকট এসে তিনবার কুলি, তিনবার নাকে পানি দিয়ে তাঁর মুখমন্ডল তিনবার ধৌত করাসহ তাঁর হাত দুখানা তিন তিনবার ধৌত করলেন এবং তাঁর মাথা ও কান দুখানা মোসেহ করলেন । তারপর তিনি তাঁর পা দুখানা ধৌত করলেন । ইয়াযিদ বললেন, আমি মনে করেছি তিনি বলেছেন তিন তিনবার । তারপর তিনি (রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা) নামাজের মুসাল্লায় আসলেন । আমিও উঠলাম এবং তিনি যেমন করলেন আমিও তেমন করলাম। আমি তাঁর সাথে নামাজ পড়ার জন্য তাঁর বাম পার্শ্বে এসে দাঁড়ালাম । রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা বিলম্ব করলেন, এমনকি তিনি বুঝতে পারলেন যে, আমি তাঁর সাথে নামাজ পড়ব তখন তিনি তাঁর ডান দিকে তাকিয়ে আমার কান ধরে ঘুরিয়ে তাঁর ডানে দাঁড় করালেন । অতপর যতটুকু তিনি মনে করলেন তাঁর সামনে রাত্র আছে ততটুকুতেই দুই রাকাআ'ত নামাজ পড়লেন । যখন ধারণা করলেন যে, ফজর আসন্ন তখন ছয় রাকাআ'ত নামাজ পড়ে সপ্তম রাকাআ'তে বিতর করলেন । এমনকি যখন ফজর আলোকিত হল তখন তিনি দাঁড়িয়ে দুই নামাজ পড়লেন । তারপর তিনি তাঁর পার্শ্ব রাখলে (শ্বায়িত হলে) ঘুমিয়ে গেলেন। এমনকি আমি তাঁর নাক ডাকার শব্দ শুনলাম । তারপর বিলাল আসলে তাকে নামাজের অনুমতি দিলেন । অতপর তিনি (রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা) বের হয়ে এসে নামাজ পড়লেন । তিনি পানি স্পর্শ করলেন না। আমি সাঈদ বিন জুবাইরকে বললাম, এটা কি সুন্দর ! সাঈদ বিন জুবাইর বললেন, আল্লাহর শপথ, আমি এ বিষয়টি ইবনু আব্বাসকে বললাম। আহ! এটা নিশ্চয়ই না তোমার জন্য না তোমার সঙ্গী-সাথীদের জন্য । এটা নিশ্চয়ই রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামার জন্য । কারণ, এটা সংরক্ষিত । মুসনাদু আহমাদ শরীফ, হাদিস শরীফ নং-৩৫৫৯ ।

পঞ্চম হাদিস শরীফঃ

عَنْ إِبْنِ عَبَّاسٍ ، قَالَ : أَتَيْتُ خَالَتِي مَيْمُوْنَةَ فَوَجَدْتُ لَيْلَتَهَا تِلْكَ مِنْ رَسُوْلِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ فَذَكَرَ نَحْوَ حَدِيْثِ يَزِيْدَ، إِلاَّ أَنَّهُ قَالَ : حَتَّى إِذَا طَلَعَ الْفَجْرُ الْأَوَّلُ أَمْسَكَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ هُنَيْئَةَ حَتَّى إِذَا أَضَاءَ لَهُ الصُّبْحُ قَامَ فَصَلَّى الْوِتْرَ تِسْعَ رَكْعَاتٍ يُسَلِّمُ فِى كُلِّ رَكْعَتَيْنِ حَتَّى إِذَا فَرَغَ مِنْ وِتْرِهِ أَمْسَكَ يَسِيْرًا حَتَّى إِذَا أَصْبَحَ فِى نَفْسِهِ قَامَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ فَرَكَعَ رَكْعَتَيْ الْفَجْرِ لِصَلاَةِ الصُّبْحِ ثُمَّ وَضَعَ جَنْبَهُ فَنَامَ حَتَّى سَمِعْتُ جَخِيْفَةَ قَالَ : ثُمَّ جَاءَ بِلاَلٌ فَنَبَّهَهُ لِلصَّلاَةِ فَقَامَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ فَصَلَّى الصُّبْحَ - مُسْنَدُ أَحْمَدَ (3571)

অর্থঃ হযরত ইবনু আব্বাস (রাদিআল্লাহু আনহু) থেকে বর্ণিত, তিনি বলেন : আমি আমার খালা মায়মুনার নিকট এসে তাঁর রাত্রিটি আমি রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা থেকে পাইলাম, তিমন ইয়াযিদের মতই হাদিস উল্লেখ করলেন কিন্তু তিনি বললেন : এমনকি যখন প্রথম ফজর উদিত হল রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা তাঁর অর্প সময়টুকু ধরে রাখলেন শেষ পর্যন্ত যখন তাঁর জন্য সুবহ বা প্রভাত আলেকিত হল তখন তিনি দাঁড়িয়ে নয় রাকাআ'ত দিয়ে বিতর নামাজ পড়লেন। প্রত্যেক দুই রাকাা'তেই সালাম ফিরালেন । এমনকি যখন তিনি বিতর থেকে অবসর হলেন তখন কিছু সময় ধরে রাখলেন ।শেষ পর্যন্ত যখন তিনি বুঝলেন প্রভাত হয়েছে তখন তিনি সুবহ বা প্রভাতের নামাজের জন্য ফজরের দুই রাকাআ'ত নামাজ পড়লেন । তারপর তিনি তাঁর পার্শ্ব রাখলে (শ্বায়িত হলে) ঘুমিয়ে গেলেন। এমনকি আমি তাঁর নাক ডাকার শব্দ শুনলাম ।তিনি (ইবনু আব্বাস) বলেন : তারপর বিলাল এসে তাঁকে (রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামাকে) নামাজের জন্য জাগ্রত করলেন । রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা উঠে সুবহ বা প্রভাতের নামাজ পড়লেন । মুসনাদু আহমাদ শরীফ, হাদিস শরীফ নং-৩৫৭১ ।

ষষ্ঠ হাদিস শরীফঃ

عَنْ مُحَمَّدِ بْنُ عَلِيّ عَنْ أَبِيْهِ عَنْ جَدِّهِ ، عَنِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ أَنَّهُ قَامَ مِنَ اللَّيْلِ فَاسْتَنَّ ، ثُمَّ صَلَّى رَكْعَتَيْنِ ثُمَّ نَامَ ،ثُمَّ قَامَ فَاسْتَنَّ وَتَوَضَّأَ و صَلَّى رَكْعَتَيْنِ حَتَّى صَلَّى سِتًّا ثُمَّ أَوْتَرَ بِثَلاَثٍ و صَلَّى رَكْعَتَيْنِ - مُسْنَدُ أَحْمَدَ (3333)

অর্থঃ মুহাম্মদ ইবনু আলীতিনি তার পিতা তিনি তার দাদা (রাদিআল্লাহু আনহুম) থেকে বর্ণনা করেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা রাত্রে উঠে মেসওয়াক করে দুই রাকাআ'ত নামাজ পড়লেন, তারপর ঘুমালেন, অতপর : ঘুম থেকে উঠে মেসওয়াক করে ওজু করে দুই রাকাআ'ত নামাজ পড়লেন, শেষ পর্যন্ত ছয় রাকাআ'ত নামাজ পড়লেন । অতপর তিন রাকাআ'ত বিতর নামাজ পড়লেন এবং দুই রাকাআ; (ফজরের সুন্নাত) নামাজ পড়লেন । মুসনাদু আহমাদ শরীফ, হাদিস শরীফ নং-৩৩৩৩ ।

সপ্তম হাদিস শরীফঃ

عَنْ إِبْنِ عَبَّاسٍ ، قَالَ : كَانَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ يُصَلِّى بِاللَّيْلِ ثَمَانَ رَكْعَاتٍ وَيُوْتِرُ بِثَلاَثٍ وَ يُصَلِّى رَكْعَتَي الْفَجْرِ - مُسْنَدُ أَحْمَدَ (3062)

অর্থঃ হযরত ইবনু আব্বাস (রাদিআল্লাহু আনহু) থেকে বর্ণিত, তিনি বলেন: রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা রাত্রে আট রাকাআ'ত নামাজ পড়তেন । আর তিন রাতাআ'ত দিয়ে বিতর করতেন এবং ফজরের দুই রাকাআ'ত নামাজও পড়তেন । মুসনাদু আহমাদ শরীফ, হাদিস শরীফ নং-৩০৬২ ।

অষ্টম হাদিস শরীফঃ

عَنْ إِبْنِ عَبَّاسٍ ، قَالَ :كُنْتُ فِى بَيْتِ مَيْمُوْنَةَ فَقَامَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ يُصَلِّى مِنَ اللَّيْلِ فَقُمْتُ مَعَهُ عَلَى يَسَارِهِ فَأَخَذَ بِيَدِي فَجَعَلَنِي عَنْ يَمِيْنِهِ ، ثُمَّ صَلَّى ثَلاَثَ عَشْرَةَ حَزَرْتُ قَدْرَ قِيَامِهِ فِى كُلِّ رَكْعَةٍ قَدْرَ يَا أَيُّهَا الْمُزَّمِّلُ - مُسْنَدُ أَحْمَدَ (3527)

অর্থঃ হযরত ইবনু আব্বাস (রাদিআল্লাহু আনহু) থেকে বর্ণিত, আমি মায়মুনার বারীতে ছিলাম, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা রাত্রে নামাজের জন্য উঠলে আমি তাঁর সাথে তাঁর বাম পার্শ্বে দাঁড়াতাম । অতপর তিনি আমার হাত ধরে তাঁর ডান পার্শ্বে রাখতেন । তারপর তিনি তের রাকাআ'ত নামাজ পড়তেন । আমি প্রত্যেক রাকাআ'তে তাঁর কিয়াম বা দাঁড়ানোর পরিমাণ "يَا أَيُّهَا الْمُزَّمِّلُ" সুরার পরিমাণ ধারণা করতাম । মুসনাদু আহমাদ শরীফ, হাদিস শরীফ নং-৩৫২৭ ।

নবম হাদিস শরীফঃ

عَنْ عَبْدِ اللهِ بْنِ أَبِي قَيْسٍ قَالَ : سَأَلْتُ عَائِشَةَ بِكَمْ كَانَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ يُوْتِرُ قَالَتْ بِأَرْبَعٍ و ثَلاَثٍ وَ سِتٍّ وَ ثَلاَثٍ و ثَمَانٍ وَ ثَلاَثٍ وَ عَشْرٍ وَ ثَلاَثٍ ، وَ لَمْ يَكُنْ يُوْتِرْ بِأَكْثَرَ مِنْ ثَلاَث عَشرَةَ ، وَ لاَ أَنْقَصَ من سَبْعٍ ، وَ كَانَ لاَ يَدَعُ رَكْعَتَيْنِ ـ مُسْنَدُ أَحْمَدَ (25798)

অর্থঃ হযরত আব্দুল্লাহ বিন আবি কায়স (রাদিআল্লাহু আনহু) থেকে বর্ণিত, তিনি বলেন: আমি আয়িশাকে (রাদিআল্লাহু আনহাকে) জিজ্ঞাসা করলাম, রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা কত (কত রাকাআ'ত) দিয়ে বিতর করতেন? তিনি বললেন, চার আর তিন, ছয় আর তিন, আট আর তিন, দশ আর তিন রাকাআ'ত দিয়ে বিতর করতেন এবং তের রাকাআ'তের বেশী নহে ও সাত রাকাআ'তের কম দিয়ে বিতর করতেন না । মুসনাদু আহমাদ শরীফ, হাদিস শরীফ নং-২৫৭৯৮ ।

বিতর নামাজের উপসংহারঃ

উপরে আমি মাগরিব নামাজকে বিতর নামাজ পড়ার পদ্ধতি হিসেবে দেখিয়ে আমাদের নবী মুহাম্মাদুর রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামার কতগুলো হাদিস শরীফ উদাহরণস্বরূপ উপস্থাপন করেছি ।এখন তিন রাকাআ'ত বিতর নামাজ কোন সুরা দিয়ে আদায় করেছেন তা আমি দেখাব ইনশাআল্লাহু তাআ'লা । এতেই বুঝা যাবে যে, আমাদের নবী মুহাম্মাদুর রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা তিন রাকাআ' বিতর নামাজ দুই রাকাআ'তের সাথে এক রাকাআ'ত মিলিয়ে, না এক রাকাআ'ত পৃথক করে পড়েছেন ।

প্রথম হাদিস শরীফঃ

عَنْ أُبَي بِنْ كَعْبٍ قَالَ : : كَانَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ يُوْتِرُ بِ (سَبِّحِ اسْمَ رَبِّكَ أَلْأَعْلَى) وَ (قَلْ يَا أَيُّهَا الْكَافِرُوْنَ) وَ (قُلْ هُوَ أَللهُ أَحَدٌ) سنن إبن ماجه شريف (1171) +سنن أبي داود (1423)

অর্থঃ হযরত উবাই বিন কা'ব (রাদিআল্লাহু আনহু) থেকে বর্ণিত, তিনি বলেন: রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা (سَبِّحِ اسْمَ رَبِّكَ أَلْأَعْلَى), (قَلْ يَا أَيُّهَا الْكَافِرُوْنَ) এবং (قُلْ هُوَ أَللهُ أَحَدٌ) সুরা দিয়ে বিতর করতেন । সুনানু ইবনু মাজাহ শরীফ, হাদিস শরীফ নং-১১৭১, সুনানু আবু দাউদ শরীফ, হাদিস শরীফ নং-১৪২৩ ।

দ্বিতীয় হাদিস শরীফঃ

عَنْ عَبْدِ الْعَزِيْزِ بْنِ جُرَيْجٍ قَالَ : سَأَلْتُ عَائِشَةَ أُمَّ الْمُؤْمِنِينَ بِأَيِّ شَيْءٍ كَانَ يُوْتِرُ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ قَالَتْ : كَانَ يَقْرَأُ فِى الرَّكْعَةِ الأُلَى بِ (سَبِّحِ اسْمَ رَبِّكَ أَلْأَعْلَى) وَ فِى الثَّانِيَةِ بِ (قَلْ يَا أَيُّهَا الْكَافِرُوْنَ) وَ فِى الثَّالِثَةِ (قُلْ هُوَ أَللهُ أَحَدٌ) وَ الْمُعَوَّذَتَيْنِ ـ مُسْنَدُ أَحْمَدَ (26546)

অর্থঃ হযরত আব্দুল আজিজ বিন জুরাইজ (রাদিআল্লাহু আনহু) থেকে বর্ণিত, তিনি বলেন: আমি আয়িশাকে (রাদিআল্লাহু আনহাকে) জিজ্ঞাসা করলাম রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা কত কিদিয়ে বিতর করতেন? তিনি বললেন: তিনি (রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা) প্রথম রাকাআ'তে (سَبِّحِ اسْمَ رَبِّكَ أَلْأَعْلَى), দ্বিতীয় রাকাআ'তে (قَلْ يَا أَيُّهَا الْكَافِرُوْنَ) এবং তৃতীয়

রাকাআ'তে (قُلْ هُوَ اللهُ أَحَدٌ) ও (الْمُعَوِّذَتَيْنِ) সুরা দিয়ে বিতর করতেন । মুসনাদু আহমাদ শরীফ, হাদিস শরীফ নং-২৬৫৪৬ ।

তৃতীয় হাদিস শরীফঃ

عَنْ عَبْدِ الْعَزِيْزِ بْنِ جُرَيْجٍ قَالَ : سَأَلْنَا عَائِشَةَ بِأَيِّ شَيْءٍ كَانَ يُوْتِرُ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ و سَلَّمَ قَالَتْ : كَانَ يَقْرَأُ فِي الرَّكْعَةِ الأُلَى بِ (سَبِّحِ اسْمَ رَبِّكَ الْأَعْلَى) وَ فِي الثَّانِيَةِ بِ (قُلْ يَا أَيُّهَا الْكَافِرُوْنَ) وَ فِي الثَّالِثَةِ (قُلْ هُوَ اللهُ أَحَدٌ) وَ الْمُعَوِّذَتَيْنِ — سنن إبن ماجه شريف (1172)

অর্থঃ হযরত আব্দুল আজিজ বিন জুরাইজ (রাদিআল্লাহু আনহু) থেকে বর্ণিত, তিনি বলেন: আমি আয়িশাকে (রাদিআল্লাহু আনহাকে) জিজ্ঞাসা করলাম রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা কত কিদিয়ে বিতর করতেন? তিনি বললেন: তিনি (রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা) প্রথম রাকাআ'তে (سَبِّحِ اسْمَ رَبِّكَ الْأَعْلَى), দ্বিতীয় রাকাআ'তে (قُلْ يَا أَيُّهَا الْكَافِرُوْنَ) এবং তৃতীয় রাকাআ'তে (قُلْ هُوَ اللهُ أَحَدٌ) ও (الْمُعَوِّذَتَيْنِ) সুরা দিয়ে বিতর করতেন । সুনানু ইবনু মাজাহ শরীফ, হাদিস শরীফ নং-১১৭২ ।

(২) "أَرْذَلُ الْقُرُوْنِ " (আরযালুল কুরুনি) তথা " সর্বনিকৃষ্ট শতাব্দীর (হিজরী চতুর্থ শতাব্দীর ") আবির্ভাবিত "আহলুল হাদিস" (أَهْلُ الحَدِيْثِ) প্রচলিত পরিভাষায় "আহলে হাদিস" দলটির অনুসারী মুসলিম মানুষগণ কর্তৃক " خَيْرُ الْقُرُوْنِ الثَّلَاثَة " তথা সর্বোৎকৃষ্ট তিনশতাব্দীর أَهْلُ السُّنَّةِ وَ الْجَمَاعَةِ (আহলুসসুন্নাহ ওআল জামাআ'ত) নামধারী দলবদ্ধ তাবেঈন ও তাবে'- তাবেঈনগণের তালিকায় অন্তর্ভুক্ত উৎকৃষ্ট মুসলিম উলামাকেরামগণের প্রদত্ত বিভিন্ন পদ্ধতির বিরোধিতা করার চিহ্ন ও নিদর্শনঃ

(***) নামাজ শেষ করার পুর্বে-পরে দুআ' করা পসঙ্গঃ

[ক] "আহলুল হাদিস" (أَهْلُ الحَدِيْثِ) প্রচলিত পরিভাষায় "আহলে হাদিস" দলটির অনুসারীরা উপরে বর্ণিত অষ্টম হাদিস শরীফের বিপরীত এক রাকাআ'ত বিতরের ভিতরই তাশাহুদ ও সালামের পুর্বেই দাঁড়িয়ে দুই হাত উপরে তোলে দুআ' করে ।

[খ] "আহলুল হাদিস" (أَهْلُ الحَدِيْثِ) প্রচলিত পরিভাষায় "আহলে হাদিস" দলটির অনুসারীরা নামাজের পর দুই হাত উপরে তোলে দুআ'-মুনাজাত করাকে হারাম বা বিদআ'ত বলে থাকে । তাদের এই কথা দ্বারা ইহাই প্রমাণ হয় যে, তারা নামাজের পর দুই হাত উপরে তোলে দুআ'-মুনাজাত করা সম্পর্কীয় হাদিস শরীফ সম্পর্কে অজ্ঞ ।যেখানে দুই হাত উপরে তোলে দুআ' করা সুন্নাত সেখানে তারা নামাজের পর দুই হাত উপরে তোলে দুআ'-মুনাজাত করাকে হারাম বা বিদআ'ত বলে বাঁধা দেয় আর যেখানে দুই হাত উপরে তোলে দুআ' করা প্রয়োজন নেই সেখানে দুআ' করতে বলে ।

নামাজের পর দুই হাত উপরে তোলে দুআ'-মুনাজাত করতে হবে মর্মে আমাদের নবী মুহাম্মাদুর রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামার কয়েকটি হাদিস শরীফ নিম্নে উল্লেখ করা হল ।

প্রথম হাদিস শরীফ

عَنِ الْمِطَّلِبِ، أَنَّ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَ سَلَّمَ قَالَ :"الصَّلاَةُ مَثْنَى مَثْنَى ، وَتَشَهَّدُ وَتُسَلِّمُ فِي كُلِّ رَكْعَتَيْنِ ،وَتَبَاءَسُ وَتَمَسْكَنُ وَتُقْنِعُ يَدَيْكَ، وتَقُوْلُ : اللَّهُمَّ اللَّهُمَّ ، فَمَنْ لَمْ يَفْعَلْ ذَلِكَ فَهِيَ خِدَاجٌ -" قَالَ شُعْبَةُ : فَقُلْتُ : صَلاَتُهُ خِدَاجٌ ؟ قَالَ : نَعَمْ ، فَقُلْتُ لَهُ : مَا الإِقْنَاعُ ؟ فَبَسَطَ يَدَيْهِ ، كَأَنَّهُ يَدْعُوْ " مسند أحمد (17801)

অর্থঃ-হযরত মুত্তালিব (রাদিআল্লাহ আনহু) থেকে বর্ণিত, নিশ্চয় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা বলেছেন: "সালাত বা নামাজ হচ্ছে দুই দুই রাকআ'ত, প্রতি দুই রাকআ'তেই তাশাহুদ পড়া ,দুরাবস্থার ভান করা(নিজেকে দুর্দশাগ্রস্তবলে জাহির করা),মিসকিন সাজা, (সালামের পর) দুই হাত (উপরে) তোলা, আর বলবে : আল্লাহুম্মা আল্লাহুম্মা ! , অতএব, যে এটা করবেনা তা হলে (তার) নামাজ অসম্পূর্ণ" । শুবা (রাদিআল্লাহআনহু) বললেন : আমি বল্লাম : (صَلَاتُهُ خِدَاجٌ ؟)তার নামাজ কি অসম্পূর্ণ? তিনি (হযরত মুত্তালিব) বললেন: হাঁ, আমি তাকে (হযরত মুত্তালিবকে) বললাম: (مَا الْإِقْنَاعُ ؟) ইকনা' কি? তিনি তাঁর হাত প্রসারিত করলেন, যেন তিনি দুআ' করছেন" । মুসনাদু আহমাদ, হাদিস শরীফ নং-১৭৮০১ ।

দ্বিতীয় হাদিস শরীফ

عنِ الْفَضْلِ بْنِ عَبّا سٍ ، عَن رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْه وَ سَلَّمَ قَالَ : الصَّلَاةُ مَثْنَى مَثْنَى ، وَتَشَهَّدُ فِي كُلِّ رَكْعَتَيْنِ ، وَتَضَرَّعُ ، وَتَخَشَّعُ ،وتَسَا كُنُ ، ثُمَّ تُقْنِعُ يَدَيْكَ يَقُوْلُ : تَرْفَعُهُمَا إِلَى رَبِّكَ عَزَّ وَجَلَّ مُسْتَقْبِلاً بِبُطُوْنِهِمَا وَجْهَكَ ،وَتَقُوْلُ : يَا رَبِّ يَا رَبِّ ، ثَلَاثًا فَمِنْ لَمْ يَفْعَلْ ذصلِكَ فَهِيَ خشدَاجٌ -" مسند أحمد(17797)

অর্থঃ- হযরত ফজল বিন আব্বাস (রাদিআল্লাহুআনহু) থেকে বর্ণিত, রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা বলেছেন: "সালাত বা নামাজ হচ্ছে দুই দুই রাকআ'ত, প্রতি দুই রাকআ'তেই তাশাহুদ পড়া , মিনতি করা(অনুনয়-বিনয় করা), বিনীত হওয়া, (সালামের পর) দুই হাত (الْإِقْنَاعُ) ইকনা' করবে, তিনি (রাসুলুল্লাহি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামা) (الْإِقْنَاعُ) ইকনা'র ব্যাখ্যা করে তিনবার বলেন: তুমি তোমার মুখমন্ডলকে কেবলামুখী করে তোমার প্রভূর দিকে দুই হাতকে উভয় হাতের পেট দিয়ে (উপরে) তুলবে, আর বলবে : (يَا رَبِّ يَا رَبِّ :)ইয়া রব ইয়া রব ! , অতএব, যে এটা করবেনা তা হলে (তার) নামাজ অসম্পূর্ণ" । মুসনাদু আহমাদ, হাদিস শরীফ নং-১৭৭৯৭।

